241534 - ইসলামী বই এর উপর অন্য জিনিসপত্র রাখার হুকুম

প্রশ্ন

ইসলামী বইপুস্তক যেমন- ফিকাহ, আকিদা, তাফসির ইত্যাদি বিষয়ক বইপুস্তকের উপর অন্য কোন জিনিসপত্র রাখা কিংবা ইসলামী বইপুস্তক একটার উপর আরেকটি রাখার ব্যাপারে আলেমগণের বক্তব্য কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

ইসলামী বইপুস্তক একটির উপর অন্যটি রাখতে কোন অসুবিধা নেই। তবে মুসহাফ বা কুরআনগ্রন্থ এর উপরে ইসলামী বইপুস্তক রাখা যাবে না।

আল-হাকীম আল-তিরমিযি বলেন:

"মুসহাফের মর্যাদা হচ্ছে- মুসহাফকে খোলা না রাখা। মুসহাফের উপর অন্য কোন বই না রাখা; যাতে করে মুসহাফ সবসময় অন্য সকল কিতাবের উপরে থাকে"।[নাওয়াদিরুল উসুল (৩/২৫৪) থেকে সমাপ্ত]

ইসলামী বইপুস্তকের উপর সাংস্কৃতিক বইপুস্তক কিংবা অন্য বিষয়ের বইপুস্তক রাখা বাঞ্ছনীয় নয়। অনুরূপভাবে ইসলামী বইপুস্তকের উপর অন্য কোন জিনিসপত্র যেমন-পাত্র, পোশাক-আশাক, খাবার-দাবার ইত্যাদি রাখা ঠিক নয়; এসব গ্রন্থে আল্লাহ পাকের যে যিকির আছে ও ইসলামী জ্ঞান আছে সেসবের প্রতি সম্মানসূচক।

আল-হাইতামী (রহঃ) বলেন:

হালিমীর মত বাইহাকীও বলেছেন: উত্তম হচ্ছে মুসহাফের উপর মুসহাফ ছাড়া অন্য কোন কিতাব বা কাপড় না রাখা। হালিমী এর সাথে আরও যুক্ত করেছেন: হাদিসের গ্রন্থাবলিও। অর্থাৎ হাদিসের গ্রন্থাবলিও মুসহাফের উপর রাখা যাবে না।[আল-ফাতাওয়া আল-হাদিসা (পৃষ্ঠা-১৬৪) থেকে সমাপ্ত]

কখনো কখনো এর বিধান হারাম পর্যায়ে পৌঁছে যেতে পারে। যদি শরয়ি গ্রন্থাবলির প্রতি অবজ্ঞা ও অপমানস্বরূপ সেটা করা হয়।

ইবনুল মুফলিহ (রহঃ) বলেন:

ইবনে আব্দুল কাউয়্যি তাঁর লিখিত ‘মাজমাউল বাহরাইন’ গ্রন্থে বলেন: “সর্বসম্মতক্রিমে মুসহাফের উপর, হাদিসের কিতাবের উপর কিংবা যেসব কিতাবে কিছু আয়াত আছে সেসব কিতাবের উপর ঠেকে দেয়া হারাম।”[আল-আদাব আল-শারইয়্যা (২/৩৯৩) থেকে সমাপ্ত]

আল্লাহই ভাল জানেন।